গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট
সমন্বিত উপবৃত্তি কর্মসূচি
বাড়ি-৪৪, সড়ক- ১২/এ, ধানমন্ডি, ঢাকা-১২০৯
www.pmeat.gov.bd

গণভোট ২০২৬
সংসদ নির্বাচন
দেশের চাবি
আপনার হাতে

স্মারক নং- এইচএসপি/মাঠ পর্যায়ে যোগাযোগ/০৪/২০২০/২৪ — তারিখ: ১০.০২.২০২৬ খ্রি.

**বিষয়: HSP-MIS সফটওয়্যারে সক্রিয় সুবিধাভোগী শিক্ষার্থীদের পিতা-মাতা ব্যতীত অন্যান্য অভিভাবক হিসাবধারী শিক্ষার্থীদের পিতা/মাতার নামীয় হিসাবে পরিবর্তন অথবা পিতা ও মাতার মৃত্যুজনিত কারণে অন্যান্য অভিভাবকের ক্ষেত্রে শিক্ষার্থীর নিজ নামীয় স্কুল ব্যাংকিং হিসাব নম্বর হালনাগাদকরণ সংক্রান্ত।**

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্টের আওতায় বাস্তবায়নাধীন সমন্বিত উপবৃত্তি কর্মসূচির HSP-MIS সফটওয়্যারে বর্তমানে সক্রিয় সুবিধাভোগী শিক্ষার্থীদের মধ্যে যে সকল শিক্ষার্থীর পিতা/মাতা জীবিত থাকা সত্ত্বেও পিতা/মাতা ব্যতীত 'অন্যান্য ব্যক্তিকে অভিভাবক' হিসাবে নির্বাচন করেছে এবং তাদের নামে 'খোলা হিসাব নম্বর'-এ উপবৃত্তির অর্থ প্রাপ্তির লক্ষ্যে উক্ত সফটওয়্যারে এন্ট্রি দিয়েছে এমন শিক্ষার্থীদের শিক্ষা প্রতিষ্ঠান কর্তৃক অভিভাবক হিসেবে পিতা/মাতা কে নির্বাচন এবং পিতা অথবা মাতার নামে খোলা হিসাব নম্বর এন্ট্রি করে তথ্য হালনাগাদকরণ করা প্রয়োজন।

০২। তথ্য হালনাগাদকরণের ক্ষেত্রে শিক্ষার্থীর পিতা/মাতা জীবিত থাকলে পিতা/মাতা কে অভিভাবক হিসাবে নির্বাচন এবং পিতা/মাতার নামে খোলা হিসাব নম্বর অথবা শিক্ষার্থীর নিজ নামে স্কুল ব্যাংকিং হিসাব নম্বর এন্ট্রি করতে হবে।

০৩। পিতা ও মাতা উভয়ের মৃত্যুজনিত কারণে যদি কোন শিক্ষার্থীর 'অন্যান্য ব্যক্তিকে অভিভাবক' হিসাবে নির্বাচন করার প্রয়োজন হয়, সে ক্ষেত্রে শিক্ষার্থীর অভিভাবক হিসাবে আপন ভাই/বোন/দাদা/দাদী/নানা/নানী-কে নির্বাচন করে আবশ্যিকভাবে শিক্ষার্থীর 'নিজ নামীয় স্কুল ব্যাংকিং হিসাব নম্বর' HSP-MIS সফটওয়্যারে হালনাগাদ করতে হবে।

০৪। **পিতা/মাতা জীবিত থাকা অবস্থায় কোন অবস্থাতে অন্যান্য ব্যক্তিকে অভিভাবক নির্বাচন করা যাবে না। পিতা/মাতা জীবিত থাকা অবস্থায় অন্যান্য ব্যক্তিকে অভিভাবক নির্বাচন করা হলে এবং পিতা/মাতা ও শিক্ষার্থী ব্যতীত অন্য কোন ব্যক্তির নামীয় হিসাব নম্বর HSP-MIS সফটওয়্যারে এন্ট্রি করার কারণে সরকারের আর্থিক কোন ক্ষতি হলে তার দায়-দায়িত্ব শিক্ষা প্রতিষ্ঠান প্রধানকে বহন করতে হবে।**

০৫। **অন্যান্য ব্যক্তিকে অভিভাবক এবং হিসাবধারী হিসাবে নির্বাচিত শিক্ষার্থীদের তথ্য হালনাগাদ/পরিবর্তনের নিয়মাবলী:**

৫.১। HSP-MIS এর URL- https://hsp.pmeat.gov.bd/HSP-MIS/login এ প্রবেশ করুন;

৫.২। প্রবেশ করে মেনুবার অনুসরন করে **'উপবৃত্তি প্রাপ্ত শিক্ষার্থী'** অপশনে ক্লিক করুন;

৫.৩। **'উপবৃত্তি প্রাপ্ত শিক্ষার্থী'** অপশনে **'ব্যাংকিং তথ্য আপডেট'** অপশনে ক্লিক করুন;

৫.৪। **'শিক্ষার্থীর ব্যাংকিং তথ্য আপডেট''** অপশনে অর্থ বছর সিলেক্ট না করে **'খুজুন'** বাটনে ক্লিক করুন;

৫.৫। শিক্ষার্থীর নামের বিপরীতে **সম্পাদনা করুন** কলামের **'কলম আইকন (এডিট অপশন)'** বাটনে ক্লিক করুন;

৫.৬.১। **অভিভাবকের তথ্য** এর **সম্পর্ক** ড্রপডাউনে ক্লিক করে **পিতা অথবা মাতা** কে অভিভাবক হিসাবে নির্বাচন করে তথ্য হালনাগাদ করুন;

৫.৬.২। কেবলমাত্র পিতা/মাতা কেহই জীবিত না থাকলে **অন্যান্য অভিভাবক** সিলেক্ট করে তথ্য হালনাগাদ করা যাবে। তবে এক্ষেত্রে অবশ্যই পেমেন্টের তথ্যে শিক্ষার্থীর নিজ নামে খোলা স্কুল ব্যাংকিং হিসাব নম্বর ব্যবহার করতে হবে।

৫.৭। **পেমেন্টের তথ্য অপশনে** গিয়ে **পেমেন্টের ধরণ** এর ড্রপডাউন বক্সে ক্লিক করে **ব্যাংকিং (অনলাইন ব্যাংকিং/স্কুল ব্যাংকিং)** অথবা **মোবাইল ব্যাংকিং** অথবা **এজেন্ট ব্যাংকিং** সিলেক্ট করুন এবং হিসাবধারীর নাম ও হিসাব নম্বর এন্ট্রি করে তথ্য হালনাগাদ করুন।

৫.৮। সর্বশেষ **'সংরক্ষণ করুন'** অপশনে ক্লিক করতে হবে।

০৬। সংশ্লিষ্ট উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা স্কিমভুক্ত সকল শিক্ষা প্রতিষ্ঠান প্রধানগণকে বিষয়টি অনতিবিলম্বে অবহিতকরণসহ সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানের বর্ণিত কার্যক্রম নিবিড়ভাবে মনিটরিং করবেন।

০৭। বর্ণিত প্রেক্ষাপট বিবেচনায় সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠান উপরোল্লিখিত প্রক্রিয়া অনুসরণ করে অন্যান্য ব্যক্তিকে অভিভাবক এবং হিসাবধারী হিসাবে নির্বাচিত শিক্ষার্থীদের তথ্য হালনাগাদ/পরিবর্তন আগামী ০৮.০৩.২০২৬ তারিখের মধ্যে HSP-MIS-এ সংশোধন/হালনাগাদ করার জন্য অনুরোধ করা হলো।

**বিষয়টি অতীব জরুরি।**

20/02/26

**(মোহাম্মদ আসাদুল হক)**
স্কিম পরিচালক (যুগ্মসচিব)
ফোন: ০২-৫৫০০২০৭৩
ই-মেইল: hsp@pmeat.gov.bd

**উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা**
সকল উপজেলা/থানা।

<u>অনুলিপি: সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)</u>

০১। সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়।
০২। সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়।
০৩। ব্যবস্থাপনা পরিচালক, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট, ধানমন্ডি, ঢাকা।
০৪। প্রোগ্রাম কো-অর্ডিনেটর, পিসিইউ, এসইডিপি, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়।
০৫। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা।
০৬। মহাপরিচালক, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
০৭। প্রোগ্রাম এক্সিকিউটিভ এন্ড কো-অর্ডিনেটর, BACS and iBAS++ স্কিম, SPFMS, অর্থ বিভাগ।
০৮। সকল কর্মকর্তা, সমন্বিত উপবৃত্তি কর্মসূচি, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট, ধানমন্ডি, ঢাকা।
০৯। উপজেলা নির্বাহী কর্মকর্তা, সকল উপজেলা।
১০। জেলা শিক্ষা অফিসার, সকল জেলা।
১১। শিক্ষা প্রতিষ্ঠান প্রধান, স্কিমভুক্ত মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক পর্যায়ের সকল শিক্ষা প্রতিষ্ঠান। (নির্দেশনা অনুযায়ী নির্ধারিত সময়ের মধ্যে বর্ণিত কার্যক্রম সম্পন্ন করার জন্য অনুরোধ করা হলো)
১২। সিনিয়র সিস্টেম এনালিষ্ট, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
১৩। প্রোগ্রামার, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর, (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
১৪। সহকারী প্রোগ্রামার, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।